31. 'কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি'- কবিতাটি লিখেছেন-
Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ সুকান্ত ভট্টাচার্য
Ⓒ শামসুর রাহমান Ⓓ নির্মলেন্দু গুণ
Ⓔ মাহবুব-উল-আলম চৌধুরী

Ⓔ Solve এ কবিতাটি ভাষা আন্দোলনকে কেন্দ্র করে রচিত প্রথম কবিতা। শামসুর রাহমানের দুটি বিখ্যাত কবিতা হলো- স্বাধীনতা তুমি ও তুমি আসবে বলে হে স্বাধীনতা।

32. কোনটি ওয়েবসাইট নয়?
Ⓐ ATM Ⓑ You Tube Ⓒ Twitter
Ⓓ Facebook Ⓔ Google

Ⓐ Solve Automated Teller Machine (ATM) হল এমন একটি ইলেকট্রনিক ডিভাইস যা কোন ব্যাংক টেলার বা কোষাধ্যক্ষের প্রয়োজন ছাড়াই গ্রাহকদের নগদ টাকা তোলার কাজ সম্পাদন করতে সক্ষম। এ যন্ত্রের আবিষ্কারক স্কটল্যান্ডের অধিবাসী জন শেফার্ড ব্যারন।

33. স্যাটেলাইট স্টেট হলো-
Ⓐ অস্থায়ী রাষ্ট্র Ⓑ সদ্য স্বাধীনকৃত রাষ্ট্র
Ⓒ আয়তনে ক্ষুদ্র রাষ্ট্র
Ⓓ বৃহৎ প্রতিবেশী এবং শক্তিশালী রাষ্ট্রের রাজনৈতিক বা অর্থনৈতিক প্রভাবাধীন অপেক্ষাকৃত দুর্বল রাষ্ট্র
Ⓔ রাজনৈতিক ও অর্থনৈতিক শক্তিশালী রাষ্ট্র কর্তৃক অপেক্ষাকৃত দুর্বল রাষ্ট্র

Ⓓ Solve **বাফার স্টেট**- বিবদমান দুই বৃহত্তর রাষ্ট্রের মধ্যে অবস্থিত অপেক্ষাকৃত ক্ষুদ্র, কম শক্তিসম্পন্ন স্বাধীন ও নিরপেক্ষ রাষ্ট্র; **টাস্কফোর্স**- কোনো দেশের স্থল, বিমান ও নৌবাহিনীর সম্মিলিত সৈন্যদল। **পঞ্চম বাহিনী (5th Column)**- যে জনতা গোপনে নিজ সরকারের বিরুদ্ধে কাজ করে এবং শত্রুকে সাহায্য করে।

34. সর্বাধিক রাষ্ট্রভাষার দেশ কোনটি-
Ⓐ চীন Ⓑ ইংল্যান্ড Ⓒ রাশিয়া
Ⓓ যুক্তরাষ্ট্র Ⓔ ভারত

Ⓑ Solve বিশ্বের সর্বাধিক ভাষার দেশ- পাপুয়া নিউগিনি এবং সর্বাধিক ব্যবহৃত ভাষা মান্দারিন (চীনা)।

35. 'স্ক্যান্ডিনেভিয়া' কোন কোন দেশ নিয়ে গঠিত?
Ⓐ সুইজারল্যান্ড, সুইডেন, বেলজিয়াম ও ডেনমার্ক
Ⓑ ফ্রান্স, জার্মানি, নেদারল্যান্ডস, সুইডেন ও সুইজারল্যান্ড
Ⓒ নরওয়ে, ফিনল্যান্ড, সুইডেন, আইসল্যান্ড ও ডেনমার্ক
Ⓓ ইংল্যান্ড, নরওয়ে, সুইডেন, ফিনল্যান্ড ও আইসল্যান্ড
Ⓔ সুইডেন, ডেনমার্ক, আইসল্যান্ড, নরওয়ে ও নেদারল্যান্ডস

Ⓒ Solve কতিপয় গুরুত্বপূর্ণ অঞ্চল :

| | |
|---|---|
| সেভেন সিস্টারস | অরুণাচল, মিজোরাম, ত্রিপুরা, নাগাল্যান্ড, মেঘালয়, আসাম ও মণিপুর। |
| ইন্দোচীন | লাওস, কম্বোডিয়া ও ভিয়েতনাম। |
| গোল্ডেন ট্রায়াঙ্গেল | মিয়ানমার, থাইল্যান্ড ও লাওস। |
| গোল্ডেন ক্রিসেন্ট | পাকিস্তান, আফগানিস্তান ও ইরান। |

36. কোনটি 'টেকসই উন্নয়ন লক্ষ্য' নয়?
Ⓐ দারিদ্র্য নির্মূল Ⓑ মানসম্পন্ন শিক্ষা Ⓒ লিঙ্গ সমতা
Ⓓ বৈষম্য হ্রাস Ⓔ এইচ আই ভি/এইডস নির্মূল

Ⓔ Solve টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) হলো জাতিসংঘ প্রণীত আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা। এর মেয়াদ ২০১৬-২০৩০ সাল। এতে ১৭টি লক্ষ্যমাত্রা (Goals) ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য(Targets) রয়েছে যা যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে সম্মেলনের মাধ্যমে নির্ধারণ করা হয়েছে।

37. মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র জীবনটুলি পরিচালনা করেছেন -
Ⓐ খান আতাউর রহমান Ⓑ জহির রায়হান Ⓒ সত্যজিৎ রায়
Ⓓ তানভীর মোকাম্মেল Ⓔ হুমায়ূন আহমেদ

Ⓓ Solve মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র ও তার পরিচালক- ওরা ১১ জন (চাষী নজরুল ইসলাম), জয় বাংলা (ফকরুল আলম), ধীরে বহে মেঘনা (আলমগীর কবির), আবার তোরা মানুষ হ (খান আতাউর রহমান), আলোর মিছিল (নারায়ণ ঘোষ মিতা), গেরিলা (নাসিরুদ্দিন ইউসুফ)।

38. DIASPORA হলো-
Ⓐ একটি জাতিগোষ্ঠী যারা নিজেদের দেশ ছেড়ে অন্য দেশে স্থায়ীভাবে বসবাস করে
Ⓑ একটি বিশেষ মানবাধিকার গোষ্ঠী Ⓒ জাতিসংঘের একটি শাখা সংগঠন
Ⓓ বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃগোষ্ঠী
Ⓔ মিয়ানমার থেকে রোহিঙ্গা জনগোষ্ঠীকে বিতাড়নের জন্য পরিচালিত অপারেশন

Ⓐ Solve ইংরেজি 'ডায়াসপোরা' শব্দটি গ্রিক ভাষার, যার অর্থ হচ্ছে বীজের মত ছড়িয়ে পড়া। নিজদেশ থেকে বাধ্য হয়ে বিতাড়িত হয়ে ভিন্ন দেশে বসতি স্থাপন করা মানুষদেরকে প্রতীকী অর্থে ডায়াসপোরা মানুষ বলা হয়। হিব্রু ভাষার **বাইবেলকেই** বিশ্বের প্রথম ডায়াসপোরা সাহিত্য বলা হয়ে থাকে।

39. Adult Suffrage হলো -
Ⓐ শুধুমাত্র প্রাপ্তবয়স্কদের জন্য অনুমোদিত ছবি
Ⓑ জাতি, ধর্ম বর্ণ নির্বিশেষে প্রাপ্তবয়স্ক পুরুষ ও মহিলাদের ভোটাধিকার
Ⓒ বয়স্কদের জন্য নির্মিত আবাসস্থল Ⓓ বয়স্কদের জন্য ঘোষিত বিশেষ ভাতা
Ⓔ প্রাপ্তবয়স্কদের কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ কেন্দ্র

Ⓑ Solve Adult অর্থ প্রাপ্তবয়স্ক অন্যদিকে Suffrage অর্থ রাজনৈতিক নির্বাচনে ভোট দেওয়ার অধিকার। তাই Adult Suffrage অর্থ হল- প্রাপ্তবয়স্ক সকল জনসাধারণের নির্বাচনে ভোট দেওয়ার অধিকার।

40. মুক্তিযুদ্ধ বিষয়ক দেশাত্মবোধক গান 'জয় বাংলা বাংলার জয়'- কথাগুলো লিখেছেন-
Ⓐ আনোয়ার পারভেজ Ⓑ গাজী মাজহারুল আনোয়ার Ⓒ সিকান্দার আবু জাফর
Ⓓ আপেল মাহমুদ Ⓔ আব্দুল লতিফ

Ⓑ Solve জয় বাংলা, বাংলার জয় গানটির কথা লিখেছেন গাজী মাজহারুল আনোয়ার এবং সুর করেছেন আনোয়ার পারভেজ। এছাড়া ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত জনপ্রিয় গান **আমার ভাইয়ের রক্তে রাঙানো** এর প্রথম সুরকার আব্দুল লতিফ এবং বর্তমান সুরকার আলতাফ মাহমুদ।

41. কোনো নির্দিষ্ট উচ্চতায় একটি বস্তুর বিভব শক্তি 500 J। বস্তুটিকে স্থির অবস্থা থেকে ছেড়ে দেওয়া হলো। বস্তুটি ভূমি থেকে পূর্ব উচ্চতার এক চতুর্থাংশে পৌঁছালে এর গতিশক্তি কত Joule?
Ⓐ 125 J Ⓑ 250 J Ⓒ 350 J
Ⓓ 375 J Ⓔ 400 J

Ⓓ Solve এক চতুর্থাংশ উচ্চতায় বিভবশক্তি $\frac{500}{4} = 125$ J

$\therefore$ গতিশক্তি, $E_k = (500 - 125) = 375$ J

42. একটি 1.7 eV ফোটনের রঙ কী?
Ⓐ বেগুনি Ⓑ নীল Ⓒ সবুজ
Ⓓ হলুদ Ⓔ লাল

Ⓔ Solve $h\upsilon = 1.7 \times 1.6 \times 10^{-19}$

$\Rightarrow h\frac{c}{\lambda} = 1.7 \times 1.6 \times 10^{-19}$

$\Rightarrow \lambda = \frac{6.63 \times 10^{-34} \times 3 \times 10^{8}}{1.7 \times 1.6 \times 10^{-19}} = 731$ nm (প্রায়) (লাল)



CS CamScanner

**43. 5 V তড়িচ্চালক শক্তি ও 4 Ω অভ্যন্তরীণ রোধবিশিষ্ট একটি কোষের প্রান্তদ্বয় সমান্তরালভাবে সংযুক্ত 10 Ω এবং 15 Ω রোধের ছোট তার দ্বারা যুক্ত। কোষের ভিতর দিয়ে তড়িৎ প্রবাহের পরিমাণ কত Ampere?**

Ⓐ $\frac{5}{29}$ Ⓑ $\frac{5}{4}$ Ⓒ $\frac{5}{11}$
Ⓓ $\frac{1}{2}$ Ⓔ $\frac{1}{5}$

**D Solve** সমান্তরালরোধ $= \frac{10 \times 15}{10+15} = 6\,\Omega$

$\therefore I = \frac{V}{R} = \frac{5}{6+4} = \frac{1}{2}$

**44. কোনো গ্রহে অভিকর্ষজ ত্বরণ $\pi$ $ms^{-2}$ হলে, সেখানে একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য কত মিটার (m)?**

Ⓐ $\frac{1}{4\pi}$ Ⓑ $\frac{1}{2\pi}$ Ⓒ $\frac{1}{\pi}$
Ⓓ $\frac{\pi}{2}$ Ⓔ $\pi$

**C Solve** $T^2 = 4\pi^2 \times \frac{L}{g} \Rightarrow 4 = 4\pi^2 \times \frac{L}{\pi}$

$\Rightarrow L = \frac{1}{\pi}$

**45. 5000 Å তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট আলোকরশ্মি কোন ধরনের প্রক্রিয়ায় উৎপন্ন হতে পারে?**

Ⓐ স্পন্দিত তড়িৎ প্রবাহ থেকে
Ⓑ পরমাণুস্থ ইলেকট্রন স্থানান্তরের ফলে
Ⓒ এক্স-রে টিউবে যে স্থানান্তর হয়
Ⓓ হাইড্রোজেন পরমাণুর ফিউশন থেকে
Ⓔ নিউক্লিয়াসের অভ্যন্তরীণ স্থানান্তর থেকে

**B Solve** পরমাণুস্থ ইলেকট্রনের উত্তেজিত অবস্থান হতে স্থায়ী অবস্থানে ফিরে আসার সময় নির্গত বিকিরণ হতে দৃশ্যমান আলো পাওয়া যায়। এই দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্যের পরিসর $(3.9 \sim 7.8)10^{-7}$ m পর্যন্ত বিস্তৃত।

**46. মহাবিশ্বের ছায়াপথসমূহের পরস্পর থেকে অপসারণের বেগ দূরত্বের-**

Ⓐ ব্যস্তানুপাতিক Ⓑ বর্গের ব্যস্তানুপাতিক Ⓒ সমানুপাতিক
Ⓓ বর্গের সমানুপাতিক Ⓔ সমান

**C Solve** 1929 সালে এডুইন হাবল দেখান যে, ছায়াপথসমূহ অপসারিত হচ্ছে ও তাদের অপসারণ বেগের মান দূরত্বের সমানুপাতিক। যা, হাবলের সূত্র, v = hd

**47. y = Asin (kx + ωt) অগ্রগামী তরঙ্গটি কোন অক্ষ বরাবর অগ্রসর হয়?**

Ⓐ +x Ⓑ −x Ⓒ +y
Ⓓ −y Ⓔ +z

**B Solve** $y = A\sin(kx + \omega t)$

$= A\sin\left(\frac{2\pi}{\lambda}x + \frac{2\pi v}{\lambda}t\right)$

$y = A\sin\frac{2\pi}{\lambda}(x + vt)$; উক্ত সমীকরণটি X- অক্ষের ঋণাত্মক দিক বরাবর অগ্রগামী তরঙ্গের সমীকরণ। অনুরূপভাবে, $y = A\sin\frac{2\pi}{\lambda}(vt - x)$; উক্ত সমীকরণটি X- অক্ষের ধনাত্মক দিক বরাবর অগ্রগামী তরঙ্গের সমীকরণ।

**48. একটি গ্রহের ব্যাসার্ধ $1.28 \times 10^7$ m এবং অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের আটগুণ। উক্ত গ্রহের মুক্তিবেগ কত $kms^{-1}$?**

Ⓐ 11.2 Ⓑ 22.4 Ⓒ 44.8
Ⓓ 89.6 Ⓔ 179.2

**C Solve** $v_e = \sqrt{2gR}$

$= \sqrt{2 \times 9.8 \times 8 \times 1.28 \times 10^7}$

$= 44800\ ms^{-1} = 44.8\ kms^{-1}$

**49. একটি কৈশিক নলের ব্যাসার্ধ 0.1 mm। একে $1.2 \times 10^3$ $kgm^{-3}$ ঘনত্বের তরলে ডুবালে তরলটি নলে 15 cm উচ্চতায় উঠে। তরলটির পৃষ্ঠটান কত $Nm^{-1}$?**

Ⓐ $4.4 \times 10^{-2}$ N/m Ⓑ $6.6 \times 10^{-2}$ N/m Ⓒ $7.2 \times 10^{-2}$ N/m
Ⓓ $8.8 \times 10^{-2}$ N/m Ⓔ $9.2 \times 10^{-2}$ N/m

**D Solve** $T = \frac{h\rho gr}{2}$

$= \frac{15 \times 10^{-2} \times 1.2 \times 10^3 \times 9.8 \times 0.1 \times 10^{-3}}{2}$

$= 8.8 \times 10^{-2}$ N/m

**50. একটি বৃত্তাকার চাকতির পরিমাপ্য ব্যাসার্ধ R = 5.0 ± 0.1 হলে, ক্ষেত্রফলে শতকরা ত্রুটি কত?**

Ⓐ 1% Ⓑ 3% Ⓒ 4%
Ⓓ 5% Ⓔ 8%

**C Solve** $A = 4\pi r^2$

$\therefore \frac{\Delta A}{A} = 2\frac{\Delta r}{r} = 2 \times \frac{0.1}{5} = 0.04 = 4\%$

**51. একটি প্রথম ক্রম বিক্রিয়া 40% শেষ হতে 20 sec সময় লাগলে, 100% শেষ হওয়ার সময়-**

Ⓐ 50 sec Ⓑ 100 sec Ⓒ 200 sec
Ⓓ 400 sec Ⓔ অসীম

**E Solve** প্রথম ক্রম বিক্রিয়া কখনো সম্পূর্ণভাবে শেষ হয় না।

**52. তিনটি তরলের স্ফুটনাঙ্ক যথাক্রমে 38°C, 64°C ও 92°C। তাদের মিশ্রণকে কোন পদ্ধতিতে পৃথক করা সহজ?**

Ⓐ বাষ্পীভবন Ⓑ আংশিক পাতন Ⓒ ঊর্ধ্বপাতন
Ⓓ দ্রাবক নিষ্কাশন Ⓔ কেলাসন

**B Solve** তরল মিশ্রণের উপাদানসমূহের স্ফুটনাঙ্কের ব্যবধান 40°C এর কম হলে তখন আংশিক পাতন পদ্ধতিতে পৃথক করা হয়।

**53. X + Y ⇌ Z বিক্রিয়াটির সাম্যাবস্থায় প্রভাবক যোগ করলে-**

Ⓐ [X] বাড়বে Ⓑ [Y] বাড়বে
Ⓒ [X] ও [Y] বাড়বে Ⓓ [Z] বাড়বে
Ⓔ কোনোটিরই পরিবর্তন হবে না

**E Solve** কোনো উভমুখী বিক্রিয়ার গতির উপর প্রভাবকের প্রভাব থাকলেও সাম্যাবস্থার পরিবর্তন ঘটে না।

**54. বেনজিন চক্রে হাইড্রক্সি মূলক যুক্ত হলে পরবর্তী ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া কোন কোন অবস্থানে সংঘটিত হয়?**

Ⓐ 1, 3 ও 5 Ⓑ 3, 4 ও 5 Ⓒ 2, 4 ও 6
Ⓓ 2, 3 ও 5 Ⓔ 2, 4 ও 5

**C Solve** হাইড্রক্সি মূলক হলো অর্থো-প্যারা নির্দেশক। তাই পরবর্তী ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া অর্থো-প্যারা অর্থাৎ 2, 4, 6 অবস্থানে সংঘটিত হবে।



CamScanner

**55. কোন ধরনের বিক্রিয়ার মাধ্যমে CFC ওজোনস্তরকে ধ্বংস করে?**

Ⓐ ফ্রি-র‍্যাডিকেল Ⓑ ক্যাটায়নিক Ⓒ অ্যানায়নিক
Ⓓ ঘনীভবন Ⓔ পলিমারকরণ

Ans Ⓐ Solve $CF_2Cl_2 \xrightarrow{UV} CF_2Cl^{\cdot} + Cl^{\cdot}$

$O_3 + Cl^{\cdot} \rightarrow ClO^{\cdot} + O_2$

$ClO^{\cdot} + O \rightarrow Cl^{\cdot} + O_2$

**56. $CH_3-C(CH_3)_2-CH_2CH=CH(CH_3)$ এর IUPAC নাম কী?**

Ⓐ 2, 4, 4-ট্রাইমিথাইল-2-পেন্টিন Ⓑ 2, 4, 4-ট্রাইমিথাইল-3-পেন্টিন
Ⓒ 2, 2-ডাইমিথাইল-3-হেক্সিন Ⓓ 2, 2, 4-ট্রাইমিথাইল-2-পেন্টিন
Ⓔ 4, 4-ডাইমিথাইল-2-হেক্সিন

Ans Solve

i. $\overset{6}{C}H_3-\overset{5}{C}(CH_3)_2-\overset{4}{C}H_2-\overset{3}{C}H=\overset{2}{C}H-\overset{1}{C}H_3$

5,5 ডাই মিথাইল –2– হেক্সিন

ii. $\overset{5}{C}H_3-\overset{4}{C}(CH_3)_2-\overset{3}{C}H_2-\overset{2}{C}H=\overset{1}{C}H_2$

4, 4 ডাই মিথাইল –1– পেন্টিন।

**57. পার অক্সাইডের উপস্থিতিতে 1-পেন্টিন এর সঙ্গে ব্রোমিন বিক্রিয়া করে 1-ব্রোমোপেন্টেন উৎপন্ন করলে বিক্রিয়াটি কোন নীতি অনুসরণ করছে?**

Ⓐ হফম্যান নীতি Ⓑ বিপরীত হফম্যান নীতি
Ⓒ মার্কনিকভ নীতি Ⓓ বিপরীত মার্কনিকভ নীতি
Ⓔ সায়েজেফ নীতি

Ans Ⓓ Solve অপ্রতিসম অ্যালকিনে দ্বিবন্ধনযুক্ত যে কার্বনে বেশি H পরমাণু থাকে, সেটিতে বিকারকের ঋণাত্মক অংশ যুক্ত হয়। একে খারাসের পার অক্সাইড ফলাফল বা বিপরীত মারকনিকভের নিয়ম বলে।

$CH_3CH_2CH_2CH=CH_2 + HBr \xrightarrow{R_2O_2} CH_3CH_2CH_2CH_2-CH_2Br$

**58. $PO_3^{3-}$ এ P এর জারণ সংখ্যা কত?**

Ⓐ –3 Ⓑ +2 Ⓒ +3
Ⓓ +5 Ⓔ +7

Ans Ⓒ Solve $x + (3 \times -2) = -3 \Rightarrow x = 6 - 3 = 3$

**59. 0.1 মোল সোডিয়াম অ্যাসিটেট ও 0.1 মোল অ্যাসিটিক এসিডের জলীয় দ্রবণের pH কত ($K_a = 2 \times 10^{-5}$)?**

Ⓐ 3.7 Ⓑ 4.7 Ⓒ 5.3
Ⓓ 7.7 Ⓔ 9.3

Ans Ⓑ Solve $pH = pK_a + \log\frac{[\text{লবণ}]}{[\text{অম্ল}]} = -\log K_a + \log\frac{0.1}{0.1}$

$= 4.6989$

**60. একটি পরমাণুর তৃতীয় শক্তিস্তরে কতটি অরবিটাল আছে?**

Ⓐ 5 Ⓑ 9 Ⓒ 16
Ⓓ 18 Ⓔ 32

Ans Ⓑ Solve n তম কক্ষপথে অরবিটাল সংখ্যা $= n^2$

∴ ৩য় কক্ষপথে অরবিটাল সংখ্যা $= 3^2 = 9$

## জীববিজ্ঞান

**61. রক্তে প্রাপ্ত সবেচেয়ে বড় ইমিউনোগ্লোবিউলিনের ভারী শৃঙ্খলের সংখ্যা?**

Ⓐ ২টি Ⓑ ৪টি Ⓒ ৬টি
Ⓓ ৮টি Ⓔ ১০টি

Ans Ⓐ Solve রক্তপ্রাপ্ত সকল অ্যান্টিবডি দুইটি বড় ও দুইটি ছোট আকৃতির শৃঙ্খলের মাধ্যমে গঠিত; যার বড় আকৃতির দুটি হলো ভারী শৃঙ্খল। [Ref: আলীম]

**62. কোনটি অন্তঃকোষীয় প্রকৃত পরজীবী নয়?**

Ⓐ HIV Ⓑ HPV Ⓒ HBV
Ⓓ HSV Ⓔ HEC Ans Ⓔ

**63. *Lamellidens marginalis* কোন শ্রেণিভুক্ত?**

Ⓐ Malacostraca Ⓑ Bivalvia Ⓒ Gastropoda
Ⓓ Hirudinae Ⓔ Calcarea

Ans Ⓑ Solve *Lamellidens marginalis* (ঝিনুক) হলো Bivalvia শ্রেণির অন্তর্গত প্রাণী। [Ref: মেঘনাথ]

**64. একটি জীব পরীক্ষা করে দেখা গেল যে এর ক্রোমাটিন বডিতে নিউক্লিক এসিড থাকলেও প্রোটিন নেই এবং রাইবোসোম 30S ও 50S rRNA দ্বারা গঠিত। জীবটি হলো-**

Ⓐ Bacteria or cyanobacteria Ⓑ Fungi or cyanobacteria
Ⓒ Algae or cyanobacteria Ⓓ Bacteria or algae
Ⓔ Bacteria or fungi Ans Ⓐ

**65. চিকুনগুনিয়ার প্রথম প্রাদুর্ভাব ঘটে কোন সালে?**

Ⓐ ১৯৩৯ Ⓑ ১৯৪৫ Ⓒ ১৯৫২
Ⓓ ১৯৬৬ Ⓔ ১৯৮২

Ans Ⓒ Solve চিকুনগুনিয়া সর্বপ্রথম আবিষ্কার হয় ১৯৫২ সালে তানজানিয়ায়। এটি একটি RNA ভাইরাস যার বাহক হলো *Aedes aegypti* এবং *Aedes albopictus*। [Ref: হাসান]

**66. দেহের B কোষ 'X' নামক একটি পদার্থ তৈরি করে যা রোগ সৃষ্টিকারী বহিরাগত অনুজীব বা অনুকারক সরাসরি আক্রমণ করে নিষ্ক্রিয় করে। এর গঠন উপাদান কোনটি?**

Ⓐ Protein Ⓑ Glycoprotein Ⓒ Lipoprotein
Ⓓ Carbohydrate Ⓔ Nucleoprotein

Ans Ⓑ Solve দেহের B কোষ যে 'X' নামক একটি পদার্থ তৈরি করে যা রোগ সৃষ্টিকারী বহিরাগত অনুজীব ধ্বংস করে তার গঠন উপাদান হলো গ্লাইকোপ্রোটিন (Glycoprotein)।

**67. একটি প্রাণিকোষ $6 \times 10^9$ bp DNA ধারণ করে। একটি টিস্যু এরূপ ১০০০ কোষ দ্বারা গঠিত। টিস্যুটির DNA এর দৈর্ঘ্য হবে প্রায়-**

Ⓐ $3.4 \times 10^3$ m Ⓑ $34 \times 10^3$ m Ⓒ $2 \times 10^3$ m
Ⓓ $4 \times 10^3$ m Ⓔ $6 \times 10^3$ m Ans Ⓔ

**68. সিউডো নিউক্লিয়াসযুক্ত একটি অনুজীব সাবটিলিন তৈরি করে যা হলো-**

Ⓐ Toxin Ⓑ Toxoid Ⓒ Steroid
Ⓓ Antibiotic Ⓔ Pseudoprotein

Ans Ⓓ Solve ব্যাকটেরিয়ার কোষে সুগঠিত নিউক্লিয়াসের পরিবর্তে কেবলমাত্র একটি ক্রোমোসোম থাকে যা সাইটোপ্লাজমে অবস্থিত। সাইটোপ্লাজমস্থ DNA সমৃদ্ধ অঞ্চলকে নিউক্লিওয়েড/সিউডো নিউক্লিয়াস বলে। *Bacillus subtilis* থেকে সাবটিলিন অ্যান্টিবায়োটিক ওষুধ তৈরি করা হয়।

**69. ৩-PGA থেকে ৭-সেডোহেপ্টুলোজ ফসফেট তৈরির জন্য কয়টি এনজাইম দরকার?**

Ⓐ ৮টি Ⓑ ৭টি Ⓒ ৬টি
Ⓓ ৫টি Ⓔ ৪টি Ans Ⓑ

**70. 'Y' উদ্ভিদের X জিনকে পৃথক করে 'Z' ব্যাকটেরিয়াতে স্থানান্তরের জন্য প্রয়োজন-**

Ⓐ DNA polymerase, endonuclease and ligase
Ⓑ DNA gyrase, DNA polymerase, endonuclease and ligase
Ⓒ DNA helicase, endonuclease and ligase
Ⓓ DNA polymerase, DNA helicase and ligase Ans Ⓐ

## গণিত

**71. (1, 1) বিন্দুতে $y = e^{\ln\left(x - \frac{1}{x}\right)} - x > 0$ বক্ররেখার ঢাল কত?**

Ⓐ –2 Ⓑ –1 Ⓒ 0
Ⓓ 1 Ⓔ 2

Ans Ⓓ Solve $y = e^{\ln\left(x - \frac{1}{x}\right)} - x = x - \frac{1}{x} - x = -\frac{1}{x}$

$\Rightarrow \frac{dy}{dx} = \frac{1}{x^2}$ ∴ (1, 1) বিন্দুতে ঢাল, $\frac{dy}{dx} = \frac{1}{1^2} = 1$



CamScanner

**72. দুটি বৃত্তের সাধারণ জ্যা এর সমীকরণ $x - 2y + 7 = 0$। একটি বৃত্তের সমীকরণ $x^2+y^2-4x+6y-36=0$ হলে, অপর বৃত্তটির সমীকরণ কোনটি?**

Ⓐ $x^2+y^2-5x+8y-43=0$ Ⓑ $x^2+y^2-5x+8+43=0$
Ⓒ $x^2+y^2+5x+8y-43=0$ Ⓓ $x^2+y^2-5x-8y-43=0$
Ⓔ $x^2+y^2-5x-8y+43=0$

Ⓐ Solve ধরি, $L \equiv x-2y+7=0$
$S_1 \equiv x^2+y^2-4x+6y-36=0$
নির্ণেয় বৃত্ত $S_2 = 0$ হলে পাই,
$S_1 - S_2 = L$
$\Rightarrow x^2+y^2-4x+6y-36-L \equiv S_2$
$\Rightarrow S_2 \equiv x^2+y^2-4x+6y-36-x+2y-7=0$
$\equiv x^2+y^2-5x+8y-43=0$
$\therefore$ নির্ণেয় বৃত্ত, $x^2+y^2-5x+8y-43=0$

**73. $(1+ai)^2$ জটিল রাশিটির আর্গুমেন্ট $\frac{\pi}{4}$ হলে, a এর মান কত?**

Ⓐ $1\pm\sqrt{2}$ Ⓑ $-1\pm\sqrt{2}$ Ⓒ $2\pm\sqrt{2}$
Ⓓ $-2\pm\sqrt{2}$ Ⓔ $1\pm\sqrt{3}$

Ⓑ Solve $(1+ai)^2 = 1+2ai+a^2i^2$
$=1+2ai-a^2 = 1-a^2+i2a$
প্রশ্নমতে, $\tan^{-1}\left(\frac{2a}{1-a^2}\right) = \frac{\pi}{4}$
$\Rightarrow \frac{2a}{1-a^2} = \tan\frac{\pi}{4} \Rightarrow \frac{2a}{1-a^2} = 1$
$\Rightarrow 2a = 1-a^2 \Rightarrow a^2+2a-1=0$
$\therefore a = \frac{-2\pm\sqrt{4+4}}{2} = \frac{-2\pm2\sqrt{2}}{2} = -1\pm\sqrt{2}$

**74. $\hat{j}-\hat{i}$ ভেক্টরের দিকে $\hat{j}-\hat{k}$ ভেক্টরের অভিক্ষেপ কত?**

Ⓐ $\frac{1}{\sqrt{2}}$ Ⓑ $\sqrt{2}$ Ⓒ 1
Ⓓ $\sqrt{3}$ Ⓔ $\frac{1}{\sqrt{3}}$

Ⓐ Solve নির্ণেয় অভিক্ষেপ $= \frac{(\hat{j}-\hat{i}).(\hat{j}-\hat{k})}{\sqrt{1^2+(-1)^2}} = \frac{1}{\sqrt{2}}$

**75. একটি সরলরেখা অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশ (5, – 5) বিন্দুতে সমদ্বিখণ্ডিত হলে, রেখাটির সমীকরণ-**

Ⓐ $x+y=5$ Ⓑ $x-y=5$ Ⓒ $x+y=10$
Ⓓ $x-y=10$ Ⓔ $x-y=25$

Ⓓ Solve প্রশ্নমতে, $\frac{a+0}{2} = 5 \Rightarrow a = 10$
এবং $\frac{0+b}{2} = -5 \Rightarrow b = -10$
$\therefore$ নির্ণেয় সমীকরণ
$\frac{x}{10}+\frac{y}{-10} = 1 \therefore x-y=10$




**76. 6 জন পুরুষ এবং 4 জন মহিলা থেকে পুরুষ মহিলা সমন্বয়ে 5 জনের একটি কমিটি কতভাবে গঠন করা যাবে, যাতে কমিটিতে মহিলার সংখ্যা বেশি থাকবে?**

Ⓐ 60 Ⓑ 66 Ⓒ 80
Ⓓ 252 Ⓔ 864

Ⓑ Solve পুরুষ 6 জন মহিলা 4 জন
(i) 1 4
(ii) 2 3
$\therefore$ কমিটির সংখ্যা $= {}^6C_1 \times {}^4C_4 + {}^6C_2 \times {}^4C_3 = 66$

**77. $3y+7=0$ সরলরেখাটি $3x^2-4y+6x-5=0$ কনিকের কিসের সমীকরণ নির্দেশ করে?**

Ⓐ উপকেন্দ্রিক লম্বের Ⓑ স্পর্শকের Ⓒ অভিলম্বের
Ⓓ অক্ষরেখার Ⓔ নিয়ামকের

Ⓔ Solve $3x^2-4y+6x-5=0$
$\Rightarrow 3(x^2+2x+1) = 4y+5+3$
$\Rightarrow 3(x+1)^2 = 4y+8 \Rightarrow 3(x+1)^2 = 4(y+2)$
$\Rightarrow (x+1)^2 = 4.\frac{1}{3}(y+2) \Rightarrow a = \frac{1}{3}$
এর নিয়ামকের সমীকরণ, $y+2 = -\frac{1}{3} \Rightarrow 3y+6=-1$
$\therefore 3y+7=0$

**78. $\int_0^8 f(x)dx = \beta$ হলে, $\int_1^9 f(x-1)\,dx$ এর মান কত?**

Ⓐ $1-\beta$ Ⓑ $9-\beta$ Ⓒ $\beta-1$
Ⓓ $\beta$ Ⓔ $\beta-9$

Ⓓ Solve $\int_0^8 f(x)\,dx = \beta$
এখন, $\int_1^9 f(x-1)\,dx$
ধরি, $x-1=z$
$dx = dz$

| x | 1 | 9 |
|---|---|---|
| z | 0 | 8 |

$= \int_0^8 f(z)\,dz = \int_0^8 f(x)\,dx = \beta$

**79. $x^2-4x+4$ দ্বারা $f(x) = x^3-7x^2+16x-12$ বিভাজ্য, $f(x)=0$ সমীকরণের মূলগুলো হবে?**

Ⓐ 2, 2, 3 Ⓑ 2, 2, –3 Ⓒ 2, –2, 3
Ⓓ 2, –2, –3 Ⓔ –2, –2, 3

Ⓐ Solve প্রশ্নমতে, $x^2-4x+4=0$
$\Rightarrow (x-2)^2 = 0 \Rightarrow x = 2, 2$
এখানে, $f(x)=0 \Rightarrow x^3-7x^2+16x-12=0$
$\Rightarrow x(x^2-4x+4)-3(x^2-4x+4)=0$
$\Rightarrow (x-3)(x^2-4x+4)=0$
$\Rightarrow x=3 \therefore$ মূলগুলো : 2, 2, 3

**80. $\frac{x^2}{9}+\frac{y^2}{16}=1$ উপবৃত্তটি X ও Y অক্ষকে যথাক্রমে A, B, C ও D বিন্দুতে ছেদ করে। ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল কত একক?**

Ⓐ 9 Ⓑ 16 Ⓒ 24
Ⓓ 25 Ⓔ 36

Ⓒ Solve $\frac{x^2}{9}+\frac{y^2}{16}=1 \Rightarrow \frac{x^2}{3^2}+\frac{y^2}{4^2}=1$
এখানে, $a=3, b=4, a<b$




ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল $= 2 \times \Delta ABD$
$= 2\times\frac{1}{2}\begin{vmatrix} 3 & 0 & 1 \\ 0 & 4 & 1 \\ 0 & -4 & 1 \end{vmatrix} = 3(4+4) = 3\times8 = 24$ বর্গএকক

# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১৬-১৭; ইউনিট : A; সেট : ৫৬ (মানবিক)

**01. কোন শব্দটির বানান শুদ্ধ?**
Ⓐ ইংরেজী Ⓑ শহীদ Ⓒ ফেব্রুয়ারী
Ⓓ প্রতিযোগী Ⓔ চাচী

D Solve অশুদ্ধ শব্দগুলোর শুদ্ধরূপ : ইংরেজি, শহিদ, ফেব্রুয়ারি, চাচি। কয়েকটি শুদ্ধ শব্দ : দুরবস্থা, স্বতঃস্ফূর্ত, জাজ্বল্যমান, সায়াহ্ন, আশিস, শাশুড়ি, ষাণ্মাসিক, হীনম্মন্যতা, উচ্ছ্বাস, ভস্ম, পুষ্পাঞ্জলি, শুশ্রূষা, কৌতূহল, বিদ্বান, সৌন্দর্য, স্বাতন্ত্র্য, সমীচীন।

**02. হৈম চমকিয়া কহিল- 'বাবা বলিয়াছেন? কখনো না' এ বাক্য দ্বারা হৈমন্তীর কোন অভিব্যক্তি প্রকাশ পায়?**
Ⓐ ক্রোধ ও অধিকার Ⓑ আত্মবিশ্বাস
Ⓒ প্রেম ও বিস্ময় Ⓓ প্রশ্নমূলক বিস্ময়
Ⓔ বিস্ময় মিশ্রিত ক্রোধ ও আত্মবিশ্বাস (Ans E)

**03. 'পাহাড় নাড়ায় সাধ্য কার?' এখানে 'পাহাড়' শব্দের কারক ও বিভক্তি নির্ণয় কর।**
Ⓐ করণে সপ্তমী Ⓑ করণে শূন্য Ⓒ কর্তৃকারকে শূন্য
Ⓓ কর্মকারকে শূন্য Ⓔ কর্তায় শূন্য

D Solve কর্তা যা করে তাই কর্ম। এখানে কর্তার 'পাহাড়' নাড়ানোর ইঙ্গিত করা হয়েছে।

**04. 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' পঙক্তিটি কার লেখা?**
Ⓐ ভারতচন্দ্র রায় Ⓑ তারাপদ শিকদার Ⓒ মুকুন্দরাম চক্রবর্তী
Ⓓ মনসুর উদ্দিন Ⓔ শ্রীচৈতন্য দেব

A Solve কতিপয় পঙক্তি ও রচয়িতা :

| পঙক্তি/উক্তি | রচয়িতা |
|---|---|
| ভাষা মানুষের মুখ হতে কলমের মুখে আসে, উল্টোটা চেষ্টা করতে গেলে মুখে শুধু কালি পড়ে। | প্রমথ চৌধুরী |
| কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে... | কৃষ্ণচন্দ্র মজুমদার |
| কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর? | শেখ ফজলল করিম |

**05. 'উচ্ছ্বাস' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**
Ⓐ উৎ + শ্বাস Ⓑ উৎ + শাশ Ⓒ উচ + শাস
Ⓓ উহ্ + শ্বাস Ⓔ উচ্ + শ্বাস

A Solve ত্ বা দ্ এর পরে শ্ থাকলে দুইয়ে মিলে 'চ্ছ' হয়। যেমন :

| | |
|---|---|
| ত্ + শ = চ্ + ছ = চ্ছ | উৎ + শৃঙ্খল = উচ্ছৃঙ্খল |
| উৎ + শ্বাস = উচ্ছ্বাস | তদ্ + শক্তি = তচ্ছক্তি |
| চলৎ + শক্তি = চলচ্ছক্তি | তদ্ + শ্রবণে = তচ্ছ্রবণে |

**06. 'মাঘের সন্ন্যাসী' কথাটি আছে কোন কবিতায়?**
Ⓐ বাংলাদেশ Ⓑ তাহারেই পড়ে মনে Ⓒ জীবন-বন্দনা
Ⓓ আমার পূর্ববাংলা Ⓔ একটি ফটোগ্রাফ

B Solve সুফিয়া কামালের (১৯১৯-১৯৯৯) সংলাপনির্ভর রচনা 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এ কবিতায় প্রকৃতি ও মানবমনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক তাৎপর্যময় অভিব্যক্তি পেয়েছে। 'তাহারেই পড়ে মনে' কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

**07. 'বিশ্বাস' শব্দের উচ্চারিত রূপ হয়–**
Ⓐ বিশ্শাস্ Ⓑ বিশ্শাশ্ Ⓒ বিশশ্বাস
Ⓓ বিশশাশ্ Ⓔ বিশ্বাশ্

B Solve কতিপয় শব্দের প্রমিত উচ্চারণ : অদৃষ্ট (অদ্দৃশ্টো), অদ্য (ওদ্দো), কুজ্ঝটিকা (কুজ্ঝোটিকা), চক্ষুষ্মান (চোকখুশ্মান), দুঃস্থ (দুস্থো), দুর্জ্ঞেয় (দুরগেঁয়ো), ভবিষ্যদ্বাণী (ভোবিশ্শদ্বানি), ব্যক্তিস্বাতন্ত্র্য (বেক্তিশাতোনত্রো), মোহ্যমান (মোজ্ঝোমান্)।

**08. 'ও ভাই খাঁটি সোনার চেয়ে খাঁটি, আমার দেশের মাটি' পঙক্তিটির রচয়িতা কে?**
Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓒ সৈয়দ শামসুল হক
Ⓓ সৈয়দ আলী আহসান Ⓔ অতুলপ্রসাদ সেন

A Solve কতিপয় পঙক্তি ও রচয়িতা :

| পঙক্তি/উক্তি | রচয়িতা |
|---|---|
| ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি। | সুকান্ত ভট্টাচার্য |
| জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব | 'শিখা' পত্রিকার স্লোগান |
| এক সাগর রক্তের বিনিময়ে... | নজরুল ইসলাম বাবু |

**09. 'নিমীলিত' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
Ⓐ উন্মীলিত Ⓑ উদ্বেলিত Ⓒ উপেক্ষিত
Ⓓ উন্মোচিত Ⓔ উর্মিলিত

A Solve কতিপয় বিপরীত শব্দ :

| শব্দ | বিপরীত শব্দ | শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| নিরাকার | সাকার | নৈঃশব্দ্য | সশব্দ |
| নিশ্চয় | সংশয় | নির্মল | পঙ্কিল |
| ন্যূন | অধিক/অন্যূন | নিরক্ষর | সাক্ষর |

**10. 'নিয়ম-কানুন' কোন সমাস?**
Ⓐ অলুক দ্বন্দ্ব Ⓑ নঞ তৎপুরুষ Ⓒ সমার্থক দ্বন্দ্ব
Ⓓ সহচর দ্বন্দ্ব Ⓔ মিলনাত্মক দ্বন্দ্ব

C Solve দ্বন্দ্ব সমাসের পূর্বপদ এবং পরপদ একই অর্থ বহন করলে, তাকে সমার্থ দ্বন্দ্ব সমাস বলে। যেমন : লজ্জা ও শরম = লজ্জাশরম, হাট ও বাজার = হাট-বাজার, ঘর ও বাড়ি = ঘরবাড়ি।

**11. Catherine was through and through a great woman. What does 'through and through' mean?**
Ⓐ totally Ⓑ almost Ⓒ not at all
Ⓓ partially Ⓔ approximately

A Explanation Through and through – সর্বতোভাবে, সম্পূর্ণভাবে (totally)।

**12. Did you attend a skiing competition — Interlaken?**
Ⓐ in Ⓑ on Ⓒ with
Ⓓ into Ⓔ onto

A Explanation শূন্যস্থানে in হবে।

**13. Enjoy your birthday. I — you have a great time.**
Ⓐ look Ⓑ hope Ⓒ want
Ⓓ confirm Ⓔ could

B Explanation আমি আশা করি তোমার ভালো সময় কাটবে। সুতরাং hope হবে।

**14. Find out the correctly spelt word.**
Ⓐ Pshicology Ⓑ Psykology Ⓒ Pchykology
Ⓓ Psychology Ⓔ Psycology

D Explanation Psychology -মনোবিজ্ঞান।

**15. He is very generous. Here 'generous' is —**
Ⓐ noun Ⓑ verb Ⓒ adjective
Ⓓ adverb Ⓔ preposition

C Explanation বাক্যে generous (সদয়) হলো adjective কারণ এটা subject (he) কে নির্দেশ করছে।

**16. He speaks — he were a scientist.**
Ⓐ as if Ⓑ if Ⓒ because
Ⓓ like Ⓔ whether

A Explanation Were থাকার কারণে as if হবে। As if এর পর past verb হয়।



CamScanner

**17. He was trying to print his itinerary, but the printer was out of ——.**
Ⓐ a paper Ⓑ papers Ⓒ the papers
Ⓓ order Ⓔ all papers
D Explanation Out of order – যথাযথভাবে না থাকা, বিশৃঙ্খল থাকা।

**18. I —— better refuel the car, the petrol tank is almost empty.**
Ⓐ were Ⓑ do Ⓒ had
Ⓓ are Ⓔ have
C Explanation Better এর পূর্বে had হবে। Had better এর পর $v_1$ হয়।

**19. I said to him, "If I were you, I should wait". What does it mean?**
Ⓐ I am advising him to proceed
Ⓑ I advised him to wait
Ⓒ I am recommending him to proceed
Ⓓ I advised him to stop the journey
Ⓔ I have not advised him to wait
B Explanation আমি তাকে অপেক্ষা করার জন্য বললাম।

**20. Is your plan subject —— change?**
Ⓐ in Ⓑ to Ⓒ at
Ⓓ for Ⓔ on
B Explanation Subject এর পর to হয়। Be subject to – অধীন, অনুবর্তী হওয়া।

**21. It is next to impossible for me to assist him always. What is the meaning of 'next to impossible' in this sentence?**
Ⓐ Almost possible Ⓑ Almost impossible
Ⓒ Impossible Ⓓ Possible
Ⓔ Partially possible
B Explanation Next to impossible – প্রায় অসম্ভব।

**22. It is the responsibility of human being to prevent the environment —— being spoilt.**
Ⓐ from Ⓑ for Ⓒ not
Ⓓ are Ⓔ were
A Explanation Prevent এর পর from হয়। Prevent from – বিরত রাখা।

**23. Smaller companies were merged into the parent company, —— creating a single organization.**
Ⓐ despite Ⓑ as a consequence Ⓒ though
Ⓓ in order to Ⓔ thereby
E Explanation Thereby – তদনুযায়ী ঐ উপায়ে। ছোট কোম্পানি গুলো তাদের নিয়ন্ত্রনাধীন কোম্পানির মতো করে একক প্রতিষ্ঠান সৃষ্টির ফলে প্রধান কোম্পানিতে রূপান্তরিত হচ্ছে।

**24. The cost of living in Sylhet —— risen dramatically in the last few years.**
Ⓐ have Ⓑ would Ⓒ will
Ⓓ has Ⓔ may
D Explanation The cost of living হলো বাক্যের subject যা singular তাই verb singular হবে। শূন্যস্থানের পর $v_3$ (risen) আছে তাই বাক্যটির perfect tense এ আছে।

**25. What does 'bring to book' mean?**
Ⓐ understand Ⓑ report Ⓒ reward
Ⓓ punish Ⓔ revenge
D Explanation Bring to book – শাস্তি দেওয়া (punish)।

**26. What does 'status quo' mean?**
Ⓐ Situation in the past
Ⓑ Existing situation without any change
Ⓒ Changed situation or state
Ⓓ Rigid condition
Ⓔ Fragile condition
B Explanation Status quo – বর্তমান সামাজিক অবস্থা, যে যেমন অবস্থায় বিরাজমান সেই অবস্থা।

**27. What is the meaning of 'watch out'?**
Ⓐ be thoughtful Ⓑ be careful Ⓒ be caring
Ⓓ be serious Ⓔ be ideal
D Explanation Watch out – সতর্ক থাকা।

**28. Where does the Padma fall ——?**
Ⓐ in Ⓑ into Ⓒ on
Ⓓ none Ⓔ of
B Explanation কোনো কিছুতে পতিত হওয়া বোঝাতে fall into হয়।

**29. Which of the following is the synonym of 'delicate'?**
Ⓐ fragile Ⓑ stable Ⓒ obsolete
Ⓓ thick Ⓔ compulsory
A Explanation Delicate (ভঙ্গুর) এর সমার্থক শব্দ fragile (ভঙ্গুর)।

**30. Which one is the correct sentence?**
Ⓐ I shall have finished reading the book by 10 p.m.
Ⓑ I will finished reading the book by 10 p.m.
Ⓒ I may have finished reading the book by 10 p.m.
Ⓓ I might be finished reading the book by 10 p.m.
Ⓔ I may be finishing reading the book by 10 p.m.
A Explanation By + নির্দিষ্ট সময় উল্লেখ থাকলে future perfect tense হয়।

**31. স্বাধীন বাংলাদেশের অস্থায়ী সরকার কোথায় গঠিত হয়?**
Ⓐ মেহেরপুরের বৈদ্যনাথতলা Ⓑ মেহেরপুরের গাংনী
Ⓒ কুষ্টিয়ার ভেড়ামারা Ⓓ কুষ্টিয়ার ছেঁউড়িয়া
Ⓔ কুষ্টিয়ার মাইজপাড়া
A Solve মুক্তিযুদ্ধ চলাকালীন বাংলাদেশের অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার ১৯৭১ সালের ১০ এপ্রিল গঠিত হয়। ১৯৭১ সালে ১৭ এপ্রিল এই সরকার মন্ত্রিপরিষদের সদস্যরা শপথ গ্রহণ করেন। কুষ্টিয়ার ছেঁউড়িয়ায় বিখ্যাত সাধক লালন ফকিরের মাজার অবস্থিত।

**32. কোন তারিখ বিশ্ব পরিবেশ দিবস হিসেবে পালন করা হয়?**
Ⓐ ৫ জুন Ⓑ ৬ জুন Ⓒ ১৯ জুলাই
Ⓓ ৮ মার্চ Ⓔ ১১ জুলাই
A Solve বিশ্ব পরিবেশ দিবস প্রতিবছর ৫ জুন বিশ্বব্যাপী রাজনৈতিক কর্মদ্যোগ আর জনসচেতনতার মাধ্যমে পরিবেশ সচেতনতার লক্ষ্যে দিবসটি পালিত হয়। ১১ জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস। ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস।

**33. ২০১৬ সালে সাহিত্যে নোবেল বিজয়ী কে?**
Ⓐ অভিনেতা ব্র্যাড পিট Ⓑ সঙ্গীতশিল্পী বব ডিলান
Ⓒ সাহিত্যিক স্বেতলানা আলেক্সিভিচ Ⓓ বিজ্ঞানী বার্নার্ড ফেরিঙ্গা
Ⓔ রাজনীতিবিদ ডেভিড ক্যামেরুন
B Solve ২০১৭ সালে সাহিত্যে কাজুও ইশিগুরো নোবেল পুরস্কার পান। ২০১৮ সালে কাউকে সাহিত্যে নোবেল দেওয়া হয়নি। সর্বশেষ ২০২৪ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন দ. কোরিয়ান নাগরিক হান ক্যাং।

**34. আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামি কে ছিলেন?**
Ⓐ মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী Ⓑ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
Ⓒ আবুল মনসুর আহমেদ Ⓓ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
Ⓔ সৈয়দ নজরুল ইসলাম

Ⓓ Solve পাকিস্তান সরকার ১৯৬৮ সালের ৩ জানুয়ারি মাসে আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামি করে মোট ৩৫ জনের বিরুদ্ধে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করে। এ মামলা প্রত্যাহার করা হয় ২২ ফেব্রুয়ারি ১৯৬৯।

**35. ফকির-সন্ন্যাসী বিদ্রোহের সময়কাল কোনটি?**
Ⓐ ১৬৬০-১৭০০ Ⓑ ১৭৬০-১৮০০ Ⓒ ১৮০০-১৮৬০
Ⓓ ১৮৬০-১৮৮০ Ⓔ ১৯০০-১৯২০

Ⓑ Solve সন্ন্যাসী বিদ্রোহ মূলত আঠারো শতকের শেষের দিকে (১৭৬০ - ১৮০০ খ্রিস্টাব্দে) ভারতবর্ষের বাংলাতে সন্ন্যাসী ও ফকির বা মুসলিম ও হিন্দু তাপসদের তৎকালীন ব্রিটিশ শাসনবিরোধী আন্দোলন।

**36. বাংলাদেশের কোন দুই স্থপতি সম্প্রতি আগা খান পুরস্কারে ভূষিত হয়েছেন?**
Ⓐ মেরিনা তাবাসসুম ও তানভীর আহমেদ Ⓑ মেরিনা তাবাসসুম ও কাশেফ চৌধুরী
Ⓒ তানভীর আহমেদ ও কাশেফ চৌধুরী Ⓓ হামিদুর রহমান ও মেরিনা তাবাসসুম
Ⓔ কাশেফ চৌধুরী ও হামিদুর রহমান

Ⓑ Solve আগা খান অ্যাওয়ার্ড ফর আর্কিটেকচার চতুর্থ আগা খান কর্তৃক ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত একটি স্থাপত্য বিষয়ক সম্মাননা। ২০২২ সালে বাংলাদেশ থেকে খোন্দকার হাসিবুল কবির ও সুহেইলি ফারজানা (ঝিনাইদহ আরবান রিভার স্পেস প্রকল্প) এবং রিজভী হাসান, খাজা ফাতমি ও সাদ বেন মোস্তফা (রোহিঙ্গা শরণার্থী প্রতিক্রিয়া প্রোগ্রাম কমিউনিটি স্পেস) আগা খান পুরস্কার লাভ করেন।

**37. ভাষা আন্দোলনের সময় তৎকালীন পূর্বপাকিস্তানের মুখ্যমন্ত্রী কে ছিলেন?**
Ⓐ নুরুল আমিন Ⓑ খাজা নাজিম উদ্দিন
Ⓒ খাজা ওয়াসী উদ্দিন Ⓓ আতাউর রহমান খান
Ⓔ আবু হোসেন সরকার

Ⓐ Solve নুরুল আমিন পাকিস্তান মুসলিম লীগের চেয়ারম্যান ছিলেন। পরে তিনি পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী হন। খাজা নাজিমুদ্দিন পাকিস্তানের গভর্নর এবং প্রধানমন্ত্রী ছিলেন। আবু হোসেন সরকার স্বদেশি আন্দোলনের একজন সক্রিয় কর্মী।

**38. এশিয়ার প্রথম নোবেল বিজয়ী কে?**
Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ মাদার তেরেসা Ⓒ ড. মুহম্মদ ইউনুস
Ⓓ ড. অমর্ত্য সেন Ⓔ ড. হরগোবিন্দ খোরানা

Ⓐ Solve ১৯১৩ সালে বাঙালি হিসেবে প্রথম নোবেল পুরস্কার লাভ করেন রবীন্দ্রনাথ ঠাকুর। ২০০৬ সালে শান্তিতে ড. মুহম্মদ ইউনূস নোবেল পুরস্কার লাভ করেন। ১৯৯৮ সালে অমর্ত্য সেন অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন এবং সর্বশেষ ৪র্থ বাঙালি হিসেবে ২০১৯ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পান অভিজিৎ বন্দ্যোপাধ্যায়।

**39. সাম্প্রতিক সময়ে ইউরোপীয় ইউনিয়ন থেকে আলাদা হওয়ার সিদ্ধান্ত নেয় কোন দেশ?**
Ⓐ গ্রেট ব্রিটেন Ⓑ সুইডেন Ⓒ দি নেদারল্যান্ডস
Ⓓ ইটালি Ⓔ আয়ারল্যান্ড

Ans Ⓐ

**40. জাতিসংঘের পরবর্তী মহাসচিবের নাম কী?**
Ⓐ বান কি মুন Ⓑ কফি আনান Ⓒ এন্তোনিও গুতেরেস
Ⓓ বুট্রোস বুট্রোস ঘালি Ⓔ উ থান্ট

Ⓒ Solve জাতিসংঘের বর্তমান (৯ম) মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস তার দায়িত্বকাল ১ জানুয়ারি ২০১৭ থেকে বর্তমান।

**41. $f(x) = \frac{1}{x^2-4}$ হলে $f(x+1)$ এর ডোমেইন হবে -**
Ⓐ $R-\{2\}$ Ⓑ $R-\{-2, 2\}$ Ⓒ $R-\{-3, 1\}$
Ⓓ $R-\{1, 3\}$ Ⓔ $R-\{-2, 0, 2\}$

Ⓒ Solve $f(x) = \frac{1}{x^2-4} \Rightarrow f(x+1) = \frac{1}{(x+1)^2-4}$

$\Rightarrow f(x+1) = \frac{1}{x^2+2x+1-4} \Rightarrow f(x+1) = \frac{1}{x^2+2x-3}$

সংজ্ঞায়িত হবে যখন, $x^2+2x-3 \neq 0$

$\Rightarrow x^2+3x-x-3 \neq 0 \Rightarrow x(x+3)-(x+3) \neq 0$

$\Rightarrow (x-1)(x+3) \neq 0 \Rightarrow x-1 \neq 0$ এবং $x+3 \neq 0$

$\Rightarrow x \neq 1$ এবং $x \neq -3$ $\therefore$ ডোমেইন $= R-\{-3, 1\}$

**42. $\log_2 \log_3 \log_3 27$ এর মান কত?**
Ⓐ 3 Ⓑ 1 Ⓒ 0
Ⓓ $\sqrt{3}$ Ⓔ 0.3

Ⓒ Solve $\log_2 \log_3 \log_3 27$
$= \log_2 \log_3 \log_3 3^3 = \log_2 \log_3 3 = \log_2 1 = 0$

**43. একটি সমান্তর ধারার প্রথম 5 টি পদের সমষ্টি 50 এবং পরবর্তী (ষষ্ঠ থেকে দশম) 5 টি পদের সমষ্টি 100 হলে ধারাটির প্রথম পদ ও সাধারণ অন্তর যথাক্রমে-**
Ⓐ 6, 2 Ⓑ 2, 6 Ⓒ 12, 4
Ⓓ 8, 2 Ⓔ 5, 5

Ⓐ Solve $S_n = \frac{n}{2}\{2a+(n-1)d\}$ যেখানে, n = পদ সংখ্যা
a = প্রথম পদ, d = সাধারণ অন্তর
যদি a = 6, d = 2
$S_5 = \frac{5}{2}\{2\times 6+(5-1)\times 2\} = 50$

**44. যদি $a^x + \beta a^{-x} = 2$ হয় তাহলে $(\beta, x)$ এর একটি সমাধান হবে-**
Ⓐ (1, 0) Ⓑ (−1, 0) Ⓒ (−1, 1)
Ⓓ (0, 1) Ⓔ (0, −1)

Ⓐ Solve $\beta = 1$ এবং $x = 0$ হলে, $\alpha^x + \beta\alpha^{-x} = \alpha^0 + \alpha^{-0} = 2$

**45. যদি $f(x) = \frac{1}{x}+\frac{1}{x^2}+\frac{1}{x^3}$ হয় তাহলে x = 10 এর জন্য $f(x^2)$ এর মান কোনটি?**
Ⓐ 0.010010 Ⓑ 0.010101 Ⓒ 0.011001
Ⓓ 0.010001 Ⓔ 0.01110

Ⓑ Solve $f(x^2) = \frac{1}{x^2}+\frac{1}{x^4}+\frac{1}{x^6}$; x = 10
$f(x^2) = 0.010101$

**46. যদি তিনটি বৃত্তের ক্ষেত্রফলের অনুপাত 1 : 2 : 4 হয় তাহলে বৃত্তটির ব্যাসার্ধের অনুপাত হবে -**
Ⓐ $1 : \sqrt{2} : 3$ Ⓑ 1 : 4 : 16 Ⓒ 1 : 3 : 7
Ⓓ 1 : 2 : 4 Ⓔ $1 : \sqrt{2} : 2$

Ⓔ Solve বৃত্তের ক্ষেত্রফল $\pi r^2$
$\pi r_1^2 : \pi r_2^2 : \pi r_3^2 = 1 : 2 : 4$
$\therefore r_1 : r_2 : r_3 = 1 : \sqrt{2} : 2$

**47. $\log_q p = r$ হলে কোন শর্তটি সঠিক না?**
Ⓐ $q > 0$ Ⓑ $q \neq 1$ Ⓒ $p > 0$
Ⓓ $q < 0$ Ⓔ $p, q > 0$

Ⓓ Solve log -এর ক্ষেত্রে বেজ বা ভিত্তি সর্বদা ধনাত্মক হবে।
$\therefore$ ভিত্তি $q > 0$ হবে। এখানে $q < 0$ হবে।

48. নিচের কোনটি অভেদ?
Ⓐ $(x+e^x)^2-(e^x-x)^2=4xe^x$
Ⓑ $(x+e^x)^2-(e^x-x)^2+4xe^x=0$
Ⓒ $(e^x-x)^2-(x+e^x)^2+4xe^x=0$
Ⓓ $(e^x+x)^2-(x-e^x)^2-2xe^x=0$
Ⓔ $(x+e^x)^2-(x-e^x)^2=2xe^x$

Ⓐ Solve $(x+e^x)^2-(e^x-x)^2=4xe^x$ সূত্রানুসারে

49. নির্ণায়ক $\begin{vmatrix} 2! & 3! & 2! \\ 3! & 2! & 4! \\ 0! & 3! & 2! \end{vmatrix}$ এর মান কোনটি?
Ⓐ –208 Ⓑ –140 Ⓒ 140
Ⓓ 208 Ⓔ –280

Ⓑ Solve $\begin{vmatrix} 2! & 3! & 2! \\ 3! & 2! & 4! \\ 0! & 3! & 2! \end{vmatrix} = \begin{vmatrix} 2 & 6 & 2 \\ 6 & 2 & 24 \\ 1 & 6 & 2 \end{vmatrix}$

$=2(4-24\times6)-6(12-24)+2(36-2)=-140$

50. ত্রিভুজ ABC এর ∠B = ∠C = 60° এবং BC = 10 একক। AD, BC এর উপর D বিন্দুতে লম্ব হলে তার দৈর্ঘ্য কত একক?
Ⓐ 5 Ⓑ $5\sqrt{2}$ Ⓒ $5\sqrt{3}$
Ⓓ $\frac{10\sqrt{3}}{3}$ Ⓔ $\frac{5\sqrt{3}}{2}$

Ⓒ Solve
$AD^2=AB^2-BD^2$
$=10^2-5^2$
$\therefore AD=5\sqrt{3}$




$AB=BC=AC=2\times BD=10$

51. দুটি পদ যদি পরস্পরবিরোধী হয় অথচ তারা যদি একত্রে একটি ব্যাপক পদের সমুদয় ব্যক্ত্যর্থকে প্রকাশ করতে না পারে, তাহলে তাদেরকে কি পদ বলে?
Ⓐ বিরুদ্ধ পদ Ⓑ বিপরীত পদ Ⓒ নির্দিষ্ট পদ
Ⓓ একার্থক পদ Ⓔ অনেকার্থক পদ Ans Ⓑ

52. কোন উক্তিটিতে বডিনের সার্বভৌম তত্ত্বের সঠিক বর্ণনা পাওয়া যায়?
Ⓐ চূড়ান্ত সার্বভৌমত্ব Ⓑ সীমিত সার্বভৌমত্ব
Ⓒ রাজনৈতিক সার্বভৌমত্ব Ⓓ জনপ্রিয় সার্বভৌমত্ব
Ⓔ প্রকৃত সার্বভৌমত্ব Ans Ⓐ

53. যেসকল উৎপাদিত দ্রব্য উৎপাদনের ক্ষেত্রে পুনরায় ব্যবহৃত হয় সেগুলোকে কী বলে?
Ⓐ চূড়ান্ত দ্রব্য Ⓑ ভোগ্য দ্রব্য Ⓒ মধ্যবর্তী দ্রব্য
Ⓓ উৎপাদকের দ্রব্য Ⓔ উৎপাদিত দ্রব্য Ans Ⓓ

54. কোন পদকে প্রধান পদ বলে?
Ⓐ সহানুমানে সিদ্ধান্তের বিধেয়রূপে ব্যবহৃত পদ
Ⓑ সহানুমানে সিদ্ধান্তের উদ্দেশ্যরূপে ব্যবহৃত পদ
Ⓒ যে পদে সহানুমানের সিদ্ধান্ত থাকে না
Ⓓ মধ্যপদ
Ⓔ প্রান্তপদ Ans Ⓑ

55. কোন সমাজবিজ্ঞানী "Collective Conscience" প্রত্যয়টির প্রবক্তা?
Ⓐ কার্ল মার্কস Ⓑ ম্যাক্স ওয়েবার Ⓒ এমিল ডুর্খেইম
Ⓓ এল, টি, হবহাউজ Ⓔ অগাস্ট কোঁৎ Ans Ⓒ

56. কোন সমাজবিজ্ঞানী সামাজিক পরিবর্তনের চক্রাকার মতবাদ প্রদান করেন?
Ⓐ হার্বার্ট স্পেন্সার Ⓑ এমিল ডুর্খেইম Ⓒ এল, টি, হবহাউজ
Ⓓ কার্ল মার্কস Ⓔ ভিলফ্রেডো প্যারেটো Ans Ⓔ

57. কোন তত্ত্বটি ব্যষ্টিক অর্থনীতির অন্তর্ভুক্ত?
Ⓐ দাম তত্ত্ব Ⓑ আয় তত্ত্ব Ⓒ কর্মসংস্থান তত্ত্ব
Ⓓ জনসংখ্যা তত্ত্ব Ⓔ খাজনা তত্ত্ব Ans Ⓔ

58. কোনটি স্বেচ্ছামূলক সমাজকল্যাণ সংস্থা?
Ⓐ আশা Ⓑ গ্রামীণ ব্যাংক Ⓒ রাজউক
Ⓓ বাংলাদেশ স্কাউটস Ⓔ ব্র্যাক Ans

59. কোনটি ব্যক্তি সমাজকর্মের উপাদান নয়?
Ⓐ ব্যক্তি Ⓑ সমস্যা Ⓒ স্থান
Ⓓ পেশাগত প্রতিনিধি Ⓔ পিতামাতা Ans

60. কোনটি সামাজিক নীতিকে সমাজসেবায় রূপান্তর করে?
Ⓐ সামাজিক প্রশাসন Ⓑ শিক্ষা প্রশাসন Ⓒ সংস্কৃতি
Ⓓ সমাজ Ⓔ প্রতিরক্ষা বিভাগ Ans

61. কোনটিকে ব্যক্তি সমাজকর্মের আত্মা বলা হয়?
Ⓐ র‍্যাপো Ⓑ ব্যক্তিগত মূল্যবোধ Ⓒ রেকর্ডিং
Ⓓ মূল্যায়ন Ⓔ ফলোআপ Ans

62. অর্থনীতিতে স্বল্প মেয়াদ বলতে বোঝায় -
Ⓐ এক বছর Ⓑ যখন সব উপকরণ পরিবর্তনশীল
Ⓒ যখন কমপক্ষে একটি উপকরণ স্থির Ⓓ যখন সব উপকরণ স্থির
Ⓔ তিন বছর Ans

63. আইয়ুবি শাসনামলের প্রথম সুলতান কে ছিলেন?
Ⓐ সালাহউদ্দিন আইয়ুবি Ⓑ আসাদ আলদীন শিকু
Ⓒ শাহ সুলতান আইয়ুবি Ⓓ সুলতান আব্দুল হামিদ
Ⓔ জামাল উদ্দিন আইয়ুবি Ans

64. নিচের চিত্রে কোন রেখা অস্থিতিস্থাপক যোগান রেখা নির্দেশ করে?




Ⓐ $S_1$ Ⓑ $S_2$ Ⓒ $S_3$
Ⓓ $S_4$ Ⓔ $S_5$ Ans

65. পানাম নগরী কোথায় অবস্থিত?
Ⓐ লালবাগ Ⓑ বালিহাটি Ⓒ সোনারগাঁও
Ⓓ মহাস্থানগড় Ⓔ জৈন্তাপুর

Ⓒ Solve ঐতিহাসিক পানাম নগরী নারায়নগঞ্জ জেলার সোনার[illegible] উপজেলায় অবস্থিত।

66. বাংলাদেশে ভোটারের সাংবিধানিক যোগ্যতা কোনটি?
Ⓐ শিক্ষা Ⓑ লিঙ্গ Ⓒ বয়স
Ⓓ আয় Ⓔ সামাজিক মর্যাদা

Ⓒ Solve গনপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান মোতাবেক ভোটার হ[illegible] সর্বনিম্ন বয়স ১৮ বছর।

67. মুঘল সাম্রাজ্যের সবচেয়ে সফল শাসক কে?
Ⓐ বাবর Ⓑ আকবর Ⓒ শাহজাহান
Ⓓ হুমায়ুন Ⓔ আওরঙ্গজেব

Ⓑ Solve তৃতীয় মুঘল সম্রাট আকবর মুঘল সাম্রাজ্যের সবচেয়ে সফ[illegible] শাসক। তার সময়ে মুঘল সাম্রাজ্য সর্বাধিক বিস্তার লাভ করে।

68. কল্যাণমূলক রাষ্ট্রের প্রবক্তা কে?
Ⓐ রবার্টসন Ⓑ উইলিয়াম বিভারিজ Ⓒ শেভার্ড
Ⓓ টেইলর Ⓔ এ্যাডাম স্মিথ Ans Ⓑ

69. সামাজিক অসমতার প্রাতিষ্ঠানিকীকরণ হলে কোনটি নির্দেশ করে?
Ⓐ সামাজিক স্তরায়ন Ⓑ সামাজিক মূল্যবোধ Ⓒ সামাজিক গতিশীলত[illegible]
Ⓓ সামাজিক সমস্যা Ⓔ সামাজিক অনুন্নয়ন Ans Ⓐ

70. সামাজিক মূল্যবোধ পরিপন্থী আচরণ হচ্ছে -
Ⓐ সামাজিক বিপর্যয় Ⓑ সামাজিক বিচ্যুতি Ⓒ সামাজিক অবক্ষয়
Ⓓ সামাজিক নৈরাজ্য Ⓔ সামাজিক অপরাধ Ans Ⓑ

# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১৫-১৬; ইউনিট : A; সেট : ৫৬ (মানবিক)

01. 'বিনির্মাণ' শব্দে 'বি' উপসর্গটি কী অর্থে প্রযুক্ত হয়েছে?
Ⓐ ইতিবাচক Ⓑ নেতিবাচক Ⓒ সংকোচন
Ⓓ প্রসারণ Ⓔ কোনোটিই নয়

D Solve 'বি' সংস্কৃত উপসর্গের কয়েকটি ব্যবহার :

| উপসর্গ | অর্থদ্যোতকতা | উদাহরণ |
|---|---|---|
| বি | বিশেষ রূপ | বিধৃত, বিশুদ্ধ, বিজ্ঞান, বিশুষ্ক, বিজ্ঞ। |
| | অভাব | বিনিদ্র, বিফল, বিতৃষ্ণা, বিবস্ত্র, বিদেহ। |
| | বিপরীত ভাব | বিকর্ষণ, বিক্রয়, বিদেশ, বিরাগ। |

02. নিচের কোন শব্দটির বানান অশুদ্ধ?
Ⓐ গনিত Ⓑ হর্ন Ⓒ প্রতিযোগিতা
Ⓓ অগ্রহায়ণ Ⓔ আকাঙ্ক্ষা

A Solve কতিপয় শুদ্ধ বানান : গণিত, ন্যূন, নিশীথিনী, দারিদ্র্য, দীনতা, দৈন্য, দুর্নিরীক্ষ্য, নীরোগ, নৈর্ঋত।

03. 'বাকি চাহিয়া লজ্জা দিবেন না।' এ বাক্যে 'বাকি' শব্দটি কোন ভাষার?
Ⓐ আরবি Ⓑ ফারসি Ⓒ হিন্দি
Ⓓ তুর্কি Ⓔ উর্দু

A Solve কতিপয় আরবি শব্দ : কাফন, খাসি, কাফের, আকবর, আমানত, কৈফিয়ৎ, গায়েব, ফকির, দৌলত, গরিব, খাজনা, মনিব, মলম, সিন্দুক, দোয়াত, কলম, আলাদা, আসল, আসবাব, আসামি, ইহুদি, উকিল, উজির, কদর, কসাই, খবর, খারাপ, জরিমানা, জলসা।

04. 'পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।' এখানে আছে—
Ⓐ অর্থালঙ্কার Ⓑ শব্দালঙ্কার Ⓒ বক্রালঙ্কার
Ⓓ সমাসোক্তি অলঙ্কার Ⓔ কোনোটিই নয়

A Solve যে অলঙ্কার একান্তভাবে শব্দের অর্থের উপর নির্ভর করে; অর্থ প্রকাশক শব্দ বা শব্দাবলিকে পরিবর্তিত করে সেখানে সমার্থক অন্য শব্দ বসিয়ে দিলেও যে অলঙ্কার অক্ষুণ্ন থাকে তাকে অর্থালঙ্কার বলে। যেমন : 'পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন।' (জীবনানন্দ দাশ)

05. 'ঙ, ঞ, ণ, ন, ম' এ পাঁচটি বর্ণের ধ্বনি বৈশিষ্ট্য হলো—
Ⓐ ঘোষ অল্পপ্রাণ Ⓑ অঘোষ অল্পপ্রাণ Ⓒ ঘোষ মহাপ্রাণ
Ⓓ অঘোষ মহাপ্রাণ Ⓔ কোনোটিই নয়

E Solve ব্যঞ্জনধ্বনির প্রকারভেদ :

| উচ্চারণ স্থান | অঘোষ | | ঘোষ | | |
|---|---|---|---|---|---|
| | অল্পপ্রাণ | মহাপ্রাণ | অল্পপ্রাণ | মহাপ্রাণ | নাসিক্য |
| কণ্ঠ্য | ক | খ | গ | ঘ | ঙ |
| তালু | চ | ছ | জ | ঝ | ঞ |
| মূর্ধা | ট | ঠ | ড | ঢ | ণ |
| দন্ত্য | ত | থ | দ | ধ | ন |
| ওষ্ঠ্য | প | ফ | ব | ভ | ম |

06. কোনটি 'পুত্র' শব্দের সমার্থক?
Ⓐ আত্মজা Ⓑ দুলাল Ⓒ জনক
Ⓓ সুহৃদ Ⓔ দারা

B Solve 'পুত্র' এর কতিপয় সমার্থক শব্দ : ছেলে, তনয়, নন্দন, সুত, আত্মজ, সূনু, অঙ্গজ।

07. 'মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ!' এ বাক্যে 'মরি মরি' কোন ধরনের অব্যয়?
Ⓐ সমুচ্চয়ী Ⓑ অনন্বয়ী Ⓒ অনুসর্গ
Ⓓ অনুকার Ⓔ ধ্বন্যাত্মক

B Solve যে সকল অব্যয় বাক্যের অন্তর্গত অন্যান্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ রাখে না; স্বাধীনভাবে ব্যবহৃত হয়ে নানা ভাব প্রকাশ করে, তাকে অনন্বয়ী অব্যয় বলে। যেমন : ছি, ছি, তুমি এত নীচ!

08. 'নৈয়ায়িক' শব্দের অর্থ কী?
Ⓐ ন্যায়সঙ্গত Ⓑ ন্যায় সম্বন্ধীয় Ⓒ ন্যায় পরায়ণ
Ⓓ ন্যায়শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি Ⓔ ন্যায়বান

D Solve কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| | |
|---|---|
| করঞ্জা– টক ফল বিশেষ। | পাখালি– পক্ষালন করে/ধুয়ে। |
| ঘুমন্তী স্বপন– ঘুম ঘুম স্বপ্ন। | পশুর পারা– পশুর ন্যায়। |

09. 'সন্ধ্যা' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?
Ⓐ সন্‌ধা Ⓑ শন্‌ধা Ⓒ শোন্‌ধা
Ⓓ সণ্‌ধা Ⓔ কোনোটিই নয়

C Solve কয়েকটি শব্দের প্রমিত উচ্চারণ : অভ্যাগত (ওব্‌ভাগতো), অতি (ওতি), অধ্যাত্ম (ওদ্‌ধাততোঁ), অন্য (ওন্‌নো), অনুমান (ওনুমান্‌), অত্যন্ত (ওত্‌তোন্‌তো), অত্যাচার (ওত্‌তাচার্‌), অনূদিত (ওনুদিতো)।

10. কোন খ্যাতিমান লেখক 'বীরবল' ছদ্মনামে লিখতেন?
Ⓐ প্রমথনাথ বিশী Ⓑ প্রমথ চৌধুরী Ⓒ প্রেমেন্দ্র মিত্র
Ⓓ প্রমথনাথ বসু Ⓔ প্যারীচাঁদ মিত্র

B Solve কতিপয় লেখকের মূলনাম ও ছদ্মনাম :

| মূল নাম | ছদ্মনাম |
|---|---|
| কালিকানন্দ | অবধূত |
| মধুসূদন মজুমদার | দৃষ্টিহীন |
| নারায়ণ গঙ্গোপাধ্যায় | সুনন্দ |
| ড. মনিরুজ্জামান | হায়াৎ মামুদ |

11. Appropriate English translation for 'যেতে যেতে পথে পূর্ণিমা রাতে' is-
Ⓐ While walking along the path in new moon light
Ⓑ While moving along the path in full moon light
Ⓒ While plying along the path in moonlit night
Ⓓ While going along the path in full moon light
Ⓔ While lumbering along the path in crescent moon light

C Explanation পূর্ণিমা রাত বোঝাতে moonlit night ব্যবহৃত হয়।

12. Who wrote the poem 'September on Jessore Road' in 1971?
Ⓐ English poet William Wordsworth
Ⓑ American poet Robert Frost
Ⓒ Bangladeshi poet Shamsur Rahman
Ⓓ Romantic poet John Keats
Ⓔ American poet Allen Ginsberg

E Explanation কবিতাটি বাংলাদেশের মুক্তিযুদ্ধ বিষয়ক যেটি লিখেছেন Allen Ginsberg।

13. The plural of 'oasis' is-
Ⓐ osis Ⓑ oses Ⓒ oases
Ⓓ oasis Ⓔ oasises

C Explanation Oasis অর্থ মরুদ্যান যার plural oases।

14. Which one of the following is a 'simile'?
Ⓐ My mother's skin is as soft as snow-flakes
Ⓑ He is a rocket
Ⓒ He is a living legend
Ⓓ Truth knows no bounds
Ⓔ Bangla literature is so rich

A Explanation As --- as অথবা like থাকলে simile হয়। এগুলো না থাকলে সরাসরি তুলনা করলে (কল্পনা), metaphor হয়।

15. Organic farming is more labour-intensive and thus initially more —, but its long-term costs may be less than those of conventional farming. Choose the appropriate word to fill in the above gap.
Ⓐ uncommon Ⓑ stylish Ⓒ restrained
Ⓓ expensive Ⓔ difficult

D Explanation Organic farming প্রাথমিক অবস্থায় খুবই ব্যয়বহুল।



CamScanner

**16. Khan Jahan Ali is considered-**
Ⓐ as a great saint Ⓑ a great saint Ⓒ as great saint
Ⓓ not as a great saint Ⓔ as the greatest saint

B Explanation Consider অর্থ বিবেচনা করা যার সাথে as প্রয়োজন নেই, তবে কারো সমান মনে করলে বা তুলনা করলে as ব্যবহৃত হয়।

**17. Choose the word which best expresses the meaning of 'neutral'**
Ⓐ unbiased Ⓑ non-aligned Ⓒ undecided
Ⓓ indifferent Ⓔ prejudiced

A Explanation Neutral অর্থ নিরপেক্ষ অর্থাৎ (Unbiased)।

**18. Which one is an adverb?**
Ⓐ economy Ⓑ economical Ⓒ economics
Ⓓ economise Ⓔ economically

E Explanation সাধারণ শব্দের শেষে ly থাকলে adverb হিসেবে ব্যবহৃত হয়। তবে noun এর শেষে ly থাকলে adjective হয়। যেমন- friend + ly = friendly

**19. The noun form of 'eloquent' is-**
Ⓐ eloquent Ⓑ eloquency Ⓒ eloquence
Ⓓ eloquentness Ⓔ eloquentivity

C Explanation Eloquence অর্থ বাগ্মিতা, সুন্দর এবং গুরুত্বপূর্ণ শক্ত বার্তা।

**20. 'Orientation' means-**
Ⓐ business related talks Ⓑ group discussion
Ⓒ sports oriented activities Ⓓ science oriented tests
Ⓔ information provided before starting something new

E Explanation Orientation অর্থ কোনো কিছু শুরু করার পূর্বপ্রস্তুতি।

**21. He —Dhaka on time. Choose the right word/phrase for the gap.**
Ⓐ reached to Ⓑ reached Ⓒ reached at
Ⓓ reached in Ⓔ reached on

B Explanation সাধারণভাবে কোনো স্থানে পৌঁছানো/ সিদ্ধান্তে পৌঁছানো বোঝাতে reach এর সাথে কোনো preposition ব্যবহৃত হয় না।

**22. Which of the following is the correct exclamatory sentence?**
Ⓐ How does man get old!
Ⓑ How gets a man old!
Ⓒ How a man becomes old!
Ⓓ How a man does become old!
Ⓔ How man becomes old!

E Explanation বাক্যটিতে man দ্বারা সমগ্র মানবজাতিকে বোঝাচ্ছে।

**23. Which one of the following is a causative?**
Ⓐ help Ⓑ do Ⓒ cause
Ⓓ because Ⓔ happen

A Explanation Make, help, get, let, have — verb গুলো Causative হিসেবে ব্যবহৃত হয়।

**24. 'একই অঙ্গে এত রূপ দেখিনিতো আগে', the most suitable translation of the sentence is-**
Ⓐ So great a beauty I have never seen in a single body
Ⓑ Such wonderfully handsome form I have never seen before
Ⓒ Such beauty in one person I have never viewed earlier
Ⓓ Such surprising beautiful one form I have never eyed
Ⓔ So much beauty in a single form I have never eyed

E Explanation এত রূপ বোঝাতে বাক্যটিতে so much beauty হবে।

**25. The plural form of 'datum' is-**
Ⓐ datae Ⓑ datumi Ⓒ datums
Ⓓ data Ⓔ datu

D Explanation Datum সাধারণত নির্দিষ্ট একটিমাত্র তথ্যকে নির্দেশ করে যা singular এর plural হবে Data।

**26. *Paradise Regained* was written by-**
Ⓐ John Dryden Ⓑ John Donne Ⓒ John Milton
Ⓓ Ben Jonson Ⓔ William Shakespeare

C Explanation *Paradise Regained* এবং *Paradise Lost* দুটিই John Milton লিখেছেন।

**27. Which one is the correct spelling?**
Ⓐ assesment Ⓑ assessment Ⓒ asessment
Ⓓ assecssment Ⓔ ascesment

B Explanation Assessment অর্থ মূল্য নিরূপণ।

**28. A seventeen-year old is not — to vote in an election. Which one is appropriate for the above gap?**
Ⓐ enough old Ⓑ as old enough Ⓒ enough old as
Ⓓ old enough Ⓔ older enough

D Explanation Enough শব্দটি noun এর পরে/আগে বসতে পারে কিন্তু সবসময় adjective/adverb এর পরে ব্যবহৃত হয়।

**29. The synonym of 'consist' is-**
Ⓐ comprise Ⓑ compel Ⓒ condition
Ⓓ count Ⓔ connect

A Explanation Consist অর্থ গঠিত হওয়া (comprise)।

**30. Which one of the following sentences gives the example of a metaphor?**
Ⓐ She has a heart of stone Ⓑ Her heart is like a stone
Ⓒ She has a stone like heart Ⓓ Her heart is as hard as stone
Ⓔ She has a revengeful heart

A Explanation Heart of stone অর্থ কঠোর হৃদয় যা একটি metaphor।

**31. বাংলাদেশ অন্যান্য দেশের মত কিয়োটো (Kyoto) প্রটোকল স্বাক্ষর করে ২২ অক্টোবর ২০০১ সালে। এই প্রটোকল স্বাক্ষর কোন বিষয়টির সাথে সম্পর্কিত?**
Ⓐ ক্রীড়া Ⓑ সাহিত্য Ⓒ সংস্কৃতি
Ⓓ জলবায়ু পরিবর্তন Ⓔ বাণিজ্য

D Solve বিশ্বের ক্রমবর্ধমান উষ্ণতা রোধকল্পে ১৯৯৭ সালের ১১ ডিসেম্বর জাপানের কিয়োটো শহরে স্বাক্ষরিত চুক্তিটি বিশ্ব উষ্ণতা রোধ/কিয়োটো চুক্তি নামে পরিচিত। যুক্তরাষ্ট্র কিয়োটো প্রটোকল থেকে নিজেকে প্রত্যাহার করে ২০০১ সালে।

**32. বাংলাদেশে বর্তমানে বৈদেশিক মুদ্রার আনুমানিক মজুদ (মার্কিন ডলারে) কত বিলিয়ন?**
Ⓐ 30 Ⓑ 26 Ⓒ 20
Ⓓ 18 Ⓔ 16

Solve পরিবর্তনশীল প্রশ্ন। সর্বশেষ তথ্যানুযায়ী ৩০ নভেম্বর, ২০২৪ বাংলাদেশে বৈদেশিক মুদ্রার আনুমানিক রিজার্ভ প্রায় ২১.৮৬ বিলিয়ন মার্কিন ডলার।

**33. কোন দেশটির সাথে বাংলাদেশের বাণিজ্য সম্পর্ক আছে কিন্তু কূটনৈতিক সম্পর্ক নেই?**
Ⓐ ইসরাইল Ⓑ মিয়ানমার Ⓒ তাইওয়ান
Ⓓ উত্তর কোরিয়া Ⓔ ইন্দোনেশিয়া

C Solve ইসরাইলের সাথে বাংলাদেশের কোন ধরনের সম্পর্ক নেই।

**34. বাংলাদেশের জাতীয় নিরাপত্তা ও সংহতির প্রতীক-**
Ⓐ প্রধান বিচারপতি Ⓑ স্পিকার Ⓒ প্রধানমন্ত্রী
Ⓓ রাষ্ট্রপতি Ⓔ সেনাপ্রধান

D Solve রাষ্ট্রপতি বাংলাদেশ সরকারের সর্বোচ্চ সম্মানিত ব্যক্তি। প্রধান বিচারপতি দেশের সর্বোচ্চ বিচারক। স্পিকার সংসদ সদস্যদের শপথ বাক্য পাঠ করান। প্রধানমন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান হয়ে দায়িত্ব পালন করেন।

**35. আন্তর্জাতিক অপরাধ আদালতের সদর দফতর কোথায়?**
Ⓐ লন্ডনে Ⓑ ঢাকায় Ⓒ জেনেভায়
Ⓓ ন্যুরেমবার্গে Ⓔ দি হেগে

E Solve আন্তর্জাতিক অপরাধ আদালতের সদর দফতর অবস্থিত নেদারল্যান্ডসের হেগের শান্তি প্রাসাদে। সংস্থাটির বিচারক সংখ্যা ১৫ জন।



CamScanner

36. এ বছর ([illegible]) নোবেল শান্তি পুরস্কার কোন অবদানের জন্য দেয়া হয়েছে?
Ⓐ [illegible]
Ⓑ [illegible]
Ⓒ শরণার্থীদের বিশেষ ভূমিকা রাখা
Ⓓ [illegible]
Ⓔ কোনটিই নয়

Ⓒ Solve ২০২৪ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন দ. কোরিয়ান লেখিকা হান কাং।

37. কোন ভূমিকার মাধ্যমে চিত্তরঞ্জন দাসের নাম বিশেষ অবদানের পরিচয় পাওয়া যায়?
Ⓐ স্বরাজ্য দল গঠন
Ⓑ অহিংস অসহযোগ আন্দোলনের বিরোধিতা
Ⓒ হিন্দু মুসলিম বাংলা পরিকল্পনা
Ⓓ বেঙ্গল প্যাক্ট প্রবর্তনে জোর ভূমিকা
Ⓔ মন্টেগু-চেমসফোর্ড শাসন সংস্কার (১৯১৯) এ ভূমিকা

Ⓓ Solve বাংলায় হিন্দু-মুসলিম সম্প্রদায়ের মধ্যে বিদ্যমান সাম্প্রদায়িক বিভেদের সমাধানের লক্ষ্যে দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের চেষ্টায় ১৯২৩ সালে বেঙ্গল প্যাক্ট স্বাক্ষরিত হয়।

38. ভারত বিভক্তির সময় ১৯৪৭ সালের সীমানা নির্ধারণ কমিশন কী নামে পরিচিত ছিল?
Ⓐ সাইমন কমিশন
Ⓑ দ্যুরেন্ড কমিশন
Ⓒ র‍্যাডক্লিফ কমিশন
Ⓓ ম্যাকডোনাল্ড কমিশন
Ⓔ লর্ড কার্জন কমিশন

Ⓒ Solve ১৯৪৭ সালে উপমহাদেশ বিভক্তির পর স্যার সাইরিল র‍্যাডক্লিফ কর্তৃক ভারত ও পাকিস্তানের মধ্যে চিহ্নিত সীমারেখা। র‍্যাডক্লিফ লাইন নামে পরিচিত।

39. সম্প্রতি ফিফার (FIFA) সভাপতিকে সাময়িক বরখাস্ত করে নতুন একজন ভারপ্রাপ্ত সভাপতি নিয়োগ দেওয়া হয়েছে। বরখাস্ত হওয়া এবং নতুন ভারপ্রাপ্ত সভাপতিদ্বয়ের নাম যথাক্রমে-
Ⓐ সেপ ব্লাটার ও লোথার মার্থিউস
Ⓑ সেপ ব্লাটার ও বেকেন বাওয়ার
Ⓒ পেলে ও ঈসা হায়াতু
Ⓓ সেপ ব্লাটার ও ঈসা হায়াতু
Ⓔ কার্লো অ্যানচেলত্তি ও মিরোস্লাভ ক্লোসা

Ⓓ Solve বিশ্ব ফুটবলের প্রধান সংস্থা ফিফা (FIFA) প্রতিষ্ঠিত হয় ২১ মে ১৯০৪। এর বর্তমান সদস্য দেশ ২১১টি। ফিফার বর্তমান সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো (সুইজারল্যান্ড)।

40. বাংলাদেশে শিখা চিরন্তনী কোথায় অবস্থিত?
Ⓐ ঢাকা সেনানিবাস
Ⓑ ঢাকা রায়ের বাজার
Ⓒ সোহরাওয়ার্দী উদ্যান
Ⓓ সাভার সেনানিবাস
Ⓔ ঢাকার লালবাগ

Ⓒ Solve শিখা চিরন্তনী রাজধানীর ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত একটি স্মরণ স্থাপনা। বিজয় কেতন ঢাকা সেনানিবাসে অবস্থিত। বুদ্ধিজীবী স্মৃতিসৌধ রায়ের বাজারে অবস্থিত। লালবাগ কেল্লা ঢাকার লালবাগে অবস্থিত।

41. 50 বর্গ একক ক্ষেত্রফল বিশিষ্ট ABCD আয়তক্ষেত্রের CD বাহুকে 5 একক E পর্যন্ত বর্ধিত করা হলে ABE ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক?
Ⓐ $10\sqrt{2}$
Ⓑ $15\sqrt{2}$
Ⓒ 25
Ⓓ $25\sqrt{2}$
Ⓔ 55

Ⓒ Solve
AB = x, AD = y
হলে, xy = 50
$\Rightarrow xy = 10 \times 5$
$\Rightarrow x = 10, y = 5$
$\Delta ABE = \frac{1}{2} AB.EF$
$= \frac{1}{2} AB.AD$
$= \frac{1}{2} \times 10 \times 5 = 25$




42. A = (0, 1), B = [0, 1] এবং C = (0, 1] হলে কোনটি সত্য?
Ⓐ $A \cap B = \emptyset$
Ⓑ $A \cap C = \emptyset$
Ⓒ $B \cap C = \emptyset$
Ⓓ $B \cap C = A$
Ⓔ $A \cap B = C$

Ⓓ Solve A = (0, 1), একটি সেট যেখানে 0 ও 1 অনুপস্থিত।
C = [0,1], একটি সেট যেখানে 0 ও 1 উপস্থিত।
$\therefore A \cap C = \{\} = \phi$

43. 4 একক দৈর্ঘ্যের বাহু বিশিষ্ট একটি সুষম ষড়ভুজের পর পর দুটি বাহু কেন্দ্রের সাথে যে চতুর্ভুজ তৈরী করে তার ক্ষেত্রফল কত বর্গ একক হবে?
Ⓐ $16\sqrt{3}$
Ⓑ $8\sqrt{3}$
Ⓒ $4\sqrt{3}$
Ⓓ $2\sqrt{3}$
Ⓔ $\sqrt{3}$

Ⓑ Solve $OH = \sqrt{OA^2 - AH^2}$
$= \sqrt{4^2 - \left(\frac{4}{2}\right)^2}$
$= \sqrt{4^2 - 2^2}$
$= 2\sqrt{2^2 - 1}$
$= 2\sqrt{3}$




$\therefore$ চতুর্ভুজের ক্ষেত্রফল = AB × OH
$= 4 \times 2\sqrt{3} = 8\sqrt{3}$

44. $\log a + \log a^2 + \log a^3 + \ldots$ ধারার প্রথম 10 টি পদের সমষ্টি 110 হলে a এর মান কত?
Ⓐ 10
Ⓑ 11
Ⓒ 22
Ⓓ 55
Ⓔ 100

Ⓔ Solve $\log a + \log a^2 + \log a^3$ ....... 10 টি পদ
$= \log a + 2 \log a + 3 \log a + \ldots\ldots + 10$ টি পদ
$= \log a (1 + 2 + 3 + \ldots\ldots + 10) = \frac{10(10+1)}{2} = 55 \log a$
প্রশ্নমতে, $55 \log a = 110 \Rightarrow \log a = 2 \therefore a = 10^2 = 100$

45. একটি সমকোণী ত্রিভুজ আকৃতির ক্ষেত্রের ভূমি 12 একক এবং লম্ব 5 একক হলে উহার সীমানা বরাবর প্রতি একক দূরত্বে চারা রোপণ করলে মোট কতগুলি চারা রোপণ করা যাবে?
Ⓐ 28
Ⓑ 29
Ⓒ 30
Ⓓ 31
Ⓔ 32

Ⓒ Solve
AB = 5 একক
BC = 12 একক
$\therefore AC = \sqrt{AB^2 + BC^2}$
$= \sqrt{AB^2 + BC^2} = \sqrt{5^2 + 12^2}$
$= \sqrt{169} = 13$ একক.




মোট দূরত্ব = 5 + 12 + 13 = 30 একক.
$\therefore$ প্রতি এককের একটি চারা লাগালে চারার সংখ্যা = 30 টি

46. একজন ব্যবসায়ী গ্রামাঞ্চল থেকে প্রতি কেজি 20 টাকা দরে 4000 কেজি টমেটো ক্রয় করে শহরে আসার সময় 30% টমেটো নষ্ট হলো। তার পরিবহন খরচ 4000 টাকা হলে, প্রতি কেজি টমেটো কত টাকা বিক্রয় করলে 10% লাভ হবে?
Ⓐ 29
Ⓑ 31
Ⓒ 33
Ⓓ 35
Ⓔ 38

Ⓒ Solve
টমেটোর ক্রয় খরচ = 4000 × 20 = 80000
পরিবহন খরচ = 4000
$\therefore$ মোট খরচ = 800000 + 4000 = 84000 টাকা
নষ্ট বাদে টমেটোর সংখ্যা = 4000 × 0.7
= 2800 টি
10% লাভে বিক্রয়মূল্য = 84000 × (1 + 0.1)
= 92400 টাকা
প্রতি কেজির বিক্রয়মূল্য = (92400 ÷ 2800) টাকা
= 33.00 টাকা

কারণ ভাল = 100 − 30
টমেটো = 70%
$= \frac{70}{100} = 0.7$
$\therefore 10\% = \frac{10}{100} = 0.1$



CamScanner

**47. $f(x) = x^8 - x^6 + x^5 + x^4 + x^3 - x^2 - 2$ কে $x^2 + 1$ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?**

Ⓐ $2x + 2$  Ⓑ $-2$  Ⓒ $2$
Ⓓ $2x - 1$  Ⓔ $x - 2$

**C Solve** $x^8 - x^6 + x^5 + x^4 + x^3 - x^2 - 2$
$= x^8 + x^6 - 2x^6 - 2x^4 + 3x^4 + 3x^2 - 4x^2 - 4 + x^5 + x^3 + 2$
$= x^6(x^2+1) - 2x^4(x^2+1) + 3x^2(x^2+1) + x^3(x^2+1) - 4(x^2+1) + 2$
$= (x^2+1)(x^6 - 2x^4 + 3x^2 + x^3 - 4) + 2$
$\therefore$ প্রদত্ত রাশিটি কে $x^2 + 1$ দ্বারা ভাগ করলে 2 অবশিষ্ট থাকে।

**48. একজন পাইকারী শাড়ী ব্যবসায়ী প্রতিটি শাড়ী 900 টাকা দরে বিক্রির মোট টাকা হিসাবের খাতায় লিখে রাখেন। অসতর্কতা বশতঃ প্রথম অঙ্কটি অস্পষ্ট হওয়ায় মোট টাকার পরিমান (--) 0450100 দেখা গেলে অস্পষ্ট অঙ্কটি কত?**

Ⓐ 5  Ⓑ 6  Ⓒ 7
Ⓓ 8  Ⓔ 9

**D Solve** এখানে, 50 450100 দ্বারা 900 বিভাজ্য নয়
60 450100 দ্বারা 900 বিভাজ্য নয়
70 450100 দ্বারা 900 বিভাজ্য নয়
কিন্তু 80 450100 দ্বারা 900 বিভাজ্য
$\therefore$ সংখ্যাটি 8 হবে।

**49. $\sin x = \frac{2}{\sqrt{5}}$ হলে $\sin 2x = ?$**

Ⓐ $\frac{1}{\sqrt{5}}$  Ⓑ $\frac{2}{\sqrt{5}}$  Ⓒ $\frac{4}{\sqrt{5}}$
Ⓓ $\frac{4}{5}$  Ⓔ 1

**D Solve** $\sin x = \frac{2}{\sqrt{5}}$
$\sin 2x = 2\sin x \cos x$
$= 2\sin x\sqrt{1 - \sin^2 x}$
$= 2\frac{2}{\sqrt{5}}\sqrt{1 - \frac{4}{5}} = \frac{4}{\sqrt{5}}\sqrt{\frac{1}{5}} = \frac{4}{5}$

**50. কোন শর্ত সাপেক্ষে $2x + ay = 1$ এবং $3x - 2y = 5$ সমীকরণদ্বয়ের অনির্ভরশীল সমঞ্জস (একটি মাত্র) সমাধান আছে?**

Ⓐ $3a + 1 \neq 0$  Ⓑ $3a + 4 \neq 0$  Ⓒ $3a - 4 \neq 0$
Ⓓ $a + 2 \neq 0$  Ⓔ $a + 3 \neq 0$

**B Solve** সমীকরণদ্বয়ের অনির্ভরশীল সামঞ্জস্য সমাধান হবে
যখন, $\frac{2}{3} \neq \frac{a}{-2}$ হয় অর্থাৎ $3a \neq -4 \Rightarrow 3a + 4 \neq 0$

**51. জনগণের দ্বারা নির্বাচনের মাধ্যমে বিচারক নিয়োগ পদ্ধতিকে একটি নিকৃষ্ট পদ্ধতি হিসেবে মন্তব্য করেছেন কে?**

Ⓐ এরিস্টটল  Ⓑ অধ্যাপক ই, এম, হোয়াইট
Ⓒ অধ্যাপক ম্যারিয়েট  Ⓓ অধ্যাপক এইচ, জে, লাস্কি
